APR. 05 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

পড়ালেখা

বিশতলা বিশিষ্ট সুরম্য ব্র্যাক সেন্টারের তৃতীয় তলায় অবস্থিত ব্র্যাকের আয়েশা আবেদ লাইব্রেরি। ব্র্যাকের উদ্যোগে ১৯৮৩ সালে এই লাইব্রেরিটি প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন থেকেই লাইব্রেরিটি অসংখ্য পাঠকের জ্ঞানপিপাসা মিটিয়ে চলেছে। একটি আধুনিক লাইব্রেরি যতরকম সেবা দিতে পারে তার বেশিরভাগই এই লাইব্রেরির সেবা কার্যক্রমের অন্তর্ভুক্ত। লাইব্রেরিটিতে রয়েছে হাজারো বই, জার্নাল, রিপোর্ট, রেফারেন্স এবং পত্রপত্রিকার বিশাল সমাহার। জ্ঞানপিপাসু, গবেষক এবং ছাত্রছাত্রীদের জন্য এটি একটি আদর্শ লাইব্রেরি।



লাইব্রেরিতে পড়ার সময়

# ব্র্যাক লাইব্রেরি

রোববার থেকে বৃহস্পতিবার পর্যন্ত প্রতিদিন সকাল সাড়ে ৮টা থেকে বিকাল সোয়া ৫টা পর্যন্ত লাইব্রেরি খোলা থাকে। বন্ধ থাকে এছাড়া সরকারি ছুটির দিনগুলোতে।

**লাইব্রেরিতে অধ্যয়নের নিয়ম**

এখানে মূলত বিআইটিআই, ব্র্যাক ইউনিভার্সিটি এবং ব্র্যাকের কর্মকর্তা-কর্মচারীরা পড়াশোনা করলেও সবার জন্য লাইব্রেরিটি উন্মুক্ত। নির্ধারিত সময়ে লাইব্রেরিতে বসে যে কেউ পড়াশোনা করতে পারেন। এছাড়া বিভিন্ন গবেষণা বিষয়ক পড়াশোনার জন্যও লাইব্রেরিটি একটি আদর্শ স্থান। তবে ব্র্যাকের বাইরের কেউ এখান থেকে বাড়িতে বই বা জার্নাল নিয়ে যেতে পারবেন না। এ সুযোগ শুধু বিআইটিআই, ব্র্যাক ইউনিভার্সিটি এবং ব্র্যাক কর্মকর্তাদের জন্য।

**া যা আছে**

এই লাইব্রেরিতে রয়েছে বিভিন্ন বষয়ভিত্তিক বইপত্র, উন্নয়ন সংশ্লিষ্ট বই, ার্নাল, রেফারেন্স, বিজ্ঞান সাময়িকী, রপোর্ট ও পত্রপত্রিকার বিশাল সম্ভার। ছাড়া বিভিন্ন বিশেষ প্রতিবেদন, য়সভিত্তিক প্রকাশনা ইত্যাদি রয়েছে এই াইব্রেরির সংগ্রহশালায়। রয়েছে ব্র্যাকের কাশিত বিভিন্ন গবেষণা প্রতিবেদন, াতিসংঘ, বিশ্বব্যাংক ও অন্যান্য প্রতিষ্ঠানের তিবেদন, আইইউডি, ইউএনএফপি, শ্বস্বাস্থ্য সংস্থা এবং এশিয়া ইয়ার বুক-এর রিপোর্ট প্রভৃতি। নারীর মানবাধিকার সংক্রান্ত বিভিন্ন প্রকাশনাও স্থান পেয়েছে এই লাইব্রেরির সংগ্রহাগারে।

**তথ্যপ্রযুক্তি সেকশনে**

রয়েছে তথ্যপ্রযুক্তি বিষয়ক বইয়ের বিশাল সংগ্রহ। প্রতিনিয়তই তথ্যপ্রযুক্তি বিষয়ক বিভিন্ন বই সংযোজিত হচ্ছে এই সংগ্রহশালায়। এছাড়াও চিকিৎসা বিজ্ঞান, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, মনোবিজ্ঞান, নৃবিজ্ঞান, আইন, শিক্ষা, প্রশাসন, কৃষি, পরিবেশ প্রভৃতি বিষয়ের ওপরও বই রয়েছে।

**লাইব্রেরির সার্ভিসসমূহ**

- পাঠকদের সুবিধার জন্য প্রতি মাসে নতুন আসা বইপত্র ও অন্যান্য প্রকাশনার লিস্টসহ একটি বুলেটিন প্রকাশ করে লাইব্রেরি কর্তৃপক্ষ।
- গুরুত্বপূর্ণ অংশ ফটোকপি করার বিশেষ ব্যবস্থা রয়েছে। তবে এ সেবা পেতে হলে প্রতি পৃষ্ঠার জন্য খরচ হবে ২ টাকা।
- পাঠকদের সুবিধার্থে লাইব্রেরির সংগ্রহসমূহের তালিকা কম্পিউটারে তালিকাভুক্তি চলছে।
- এই লাইব্রেরির বিক্রয় কেন্দ্রে ব্র্যাকের বিভিন্ন রিপোর্ট, প্রকাশনা ও বই প্রভৃতি বিক্রি করা হয়।
- ব্র্যাকের আয়েশা আবেদ লাইব্রেরিতে খুব শিগগির ইন্টারনেট সুবিধা দেয়া হবে।

এই লাইব্রেরিটি ছাড়া ব্র্যাকের তত্ত্বাবধানে বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে গড়ে উঠেছে প্রায় ৫০০টি গণকেন্দ্র পাঠাগার। আর প্রতিটি গণকেন্দ্র পাঠাগারের গড় সদস্য সংখ্যা ৪৫৭ জন। এসব পাঠাগারের মধ্যে ৪১৭টিতে স্বকীয় ট্রাস্ট গঠিত হয়েছে। উল্লেখ্য, প্রতিটি গণকেন্দ্র পাঠাগারেই ১০০০-এর অধিক বই রয়েছে। সব মিলিয়ে মানুষকে পাঠে আগ্রহী করে তোলার জন্য আন্তরিকভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে ব্র্যাক। জ্ঞান পিপাসা মেটাতে আপনিও যেতে পারেন ব্র্যাক পরিচালিত আয়েশা আবেদ লাইব্রেরি এবং গণকেন্দ্র পাঠাগারসমূহে।

**ঢাকার আরও কয়েকটি লাইব্রেরি**

**জাতীয় গ্রন্থকেন্দ্র** : গুলিস্তান গোলাপশাহ মাজারের কাছে। শুক্র ও শনিবার বন্ধ। প্রতিদিন সকাল ৯টা থেকে ৪টা ৩০ মিনিট পর্যন্ত খোলা থাকে।

**কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি** : শাহবাগ, জাদুঘরের পাশে। শুক্র-শনিবার বন্ধ। প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা। এখানে নানা ধরনের বই-পত্র-পত্রিকা ছাড়াও রেফারেন্সের জন্য অনেক মূল্যবান বই পাওয়া যায়।

**বিশ্বসাহিত্য কেন্দ্র** : বাংলা মোটরের কাছে। মঙ্গলবার বন্ধ। প্রতিদিন বিকেল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে। ফেরতযোগ্য ৪শ' টাকা জামানত এবং মাসিক ১০ টাকা চাঁদা দিয়ে সদস্য হওয়া যায়।

**ব্রিটিশ কাউন্সিল** : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোডে। ইংরেজি বই ও ম্যাগাজিন পাওয়া যায়। বৃহস্পতিবার ও শুক্রবার বন্ধ। প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকে। ৫৫০ টাকা দিয়ে ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরি কার্ড করা যায় ১ বছরের জন্য।

**ইউসিস** : রোড ২৭, বাড়ি ১১০ বনানী। বৃহস্পতিবার শুক্র ও শনিবার বন্ধ। সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত খোলা থাকে। সদস্য ফি ৩০০ টাকা। বিদেশী বই ও ম্যাগাজিন পাওয়া যায়।

**প্রেস ইনস্টিটিউট লাইব্রেরি** : কাকরাইলের কাছে সার্কিট হাউস রোডে। শুক্র ও শনিবার বন্ধ। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত খোলা থাকে।

❑ আল-আমিন